জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

সূত্র ঃ ১৪(১৩৯)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/টিটিআইএস কলেজ ও শিক্ষক/২০২৪/১৭৬৯ তারিখঃ ২৪/১১/২০২৪

কলেজ শিক্ষকগণের প্রশিক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজের শিক্ষকগণের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে **ময়মনসিংহ বিভাগে আঞ্চলিক পর্যায়ে কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিপিডি) শিরোনামে ৮ম** ব্যাচের প্রশিক্ষণ এপ্রিল ২০২৫ ইং মাসে ৫ (পাঁচ) দিনব্যাপী অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য এই প্রশিক্ষণ কার্যকর ও সফলভাবে সম্পন্নের নিমিত্তে **ময়মনসিংহ বিভাগের কলেজগুলো** থেকে আগ্রহী প্রশিক্ষণার্থীদের আবেদন এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে মনোনয়ন প্রত্যাশী শিক্ষকগণকে আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

**** আবেদন প্রেরণের সময়সীমা: ২৫/১১/২০২৪ থেকে ১০/১২/২০২৪ ।**

** স্ব স্ব কলেজ অধ্যক্ষের অনুমতি নিয়ে আবেদন প্রেরণ করতে হবে।

** স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণই কেবল আবেদন প্রেরণ করতে পারবেন; খন্ডকালীন/অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের আবেদন প্রেরণের সুযোগ নেই।

** সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

** উপরোক্ত বিজ্ঞপ্তির যে কোনো নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

** ইতোমধ্যে যেসকল শিক্ষক সিইডিপি প্রকল্প অফিসের তত্ত্বাবধানে কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (সিপিডি) প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন; তাঁদের আবেদন করার দরকার নেই। তথ্য গোপন করে কেউ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

** কলেজ পরিবর্তন হলে বা নতুন করে টিটিআইএস আইডি করার পূর্বে অবশ্যই নিশ্চিত হতে হবে যে, বিগত সময়ে আপনার পদায়নকৃত কলেজসমূহে আপনার টিটিআইএস আইডি ছিল কিনা, থাকলে টিটিআইএস হেল্পলাইন মেইলে প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ করে প্রোফাইল ট্রান্সফার করে নিতে হবে। একাধিক আইডি করার সুযোগ নেই এবং সনাক্ত হলে উভয় টিটিআইএস আইডি ব্লক হয়ে যাবে।

নির্দেশক্রমে,

২৪/১১/২৪

(মোছা: সালমা পারভীন)
পরিচালক (ভারপ্রাপ্ত)
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল ফেসবুক পেজ: http://www.facebook.com/ttnubdOfficial
শিক্ষক প্রশিক্ষণ (টিটিআইএস) তথ্যসেবা (অফিস সময়-হোয়াটসঅ্যাপ টেক্সট): ০১৯১৫৭২৬৫৭৬, ইমেইল : ttis@nu.ac.bd

প্রশ্নমালা পূরণ (আইসিটি সার্ভে)/ আবেদন Submit করার নিয়মাবলী:

ইতোমধ্যে যে সকল শিক্ষক প্রশিক্ষণের জন্য ব্যবহৃত অনলাইন ডাটাবেজ ***TTIS***-এ আইডি তৈরি করেছেন, তাঁদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-***www.nu.ac.bd এর TRAINING*** মেন্যুর ***TTIS-Teachers Training Information System*** ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত ***TTIS College User Log in*** (কলেজ ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার) করে ***TTIS*** ডাটাবেজ এ প্রবেশ করে ***Training Application Panel*** মেন্যুর মধ্যে ***Application Page (NU-INTERNAL)*** সাব-মেন্যু ব্যবহার করে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থিতা নিশ্চিতকরণের আবেদন ***Submit*** করতে হবে। ***Accept*** **টিটিআইএস আইডিধারী** শিক্ষকগণই কেবল আবেদন করতে পারবেন, যাদের তথ্যে ***Deny (No Academic Info.)*** আছে; তাঁদেরকে দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব ***TTIS*** প্রোফাইল-এ একাডেমিক তথ্যসমূহ আপডেট করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে এবং আপডেট করার পর বিষয়টি ***TTIS*** সংক্রান্ত হেল্পলাইনের হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৯১৫৭২৬৫৭৬) টিটিআইএস আইডি উল্লেখসহ বিস্তারিত টেক্সট অথবা হেল্পলাইন মেইলে (ttis@nu.ac.bd) বিস্তারিত মেইল করলে ফিরতি বার্তায়/মেইলে আপনাকে বিষয়টি অবহিত/নিশ্চিত করা হবে)।

(বি.দ্র.: আবেদন একবারই প্রেরণ করা যাবে এবং একাধিকবার সাবমিট/মডিফাই করার সুযোগ নেই।)

আইসিটি সক্ষমতা যাচাই লিংক:

TTIS LOGIN PAGE QUICK LINK: **SCAN QR CODE**
And NU WEBSITE LINK/URL: https://www.nu.ac.bd

সূত্র ঃ ১৪(১৩৯)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/টিটিআইএস কলেজ ও শিক্ষক/২০২৪/১৭৬৯ তারিখঃ ২৪/১১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অধ্যক্ষ/উপাধ্যক্ষ, অধিভুক্ত সকল স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজসমূহ (বিজ্ঞপ্তিটি স্ব স্ব কলেজের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অফিস কপি

২৪/১১/২৪

উপ-পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

২৪/১১/২৪

LIKE FANPAGE & QUICK LOGIN TTIS

SCAN THIS CODE : OFFICIAL FACEBOOK TEACHERS TRAINING FANPAGE

SCAN THIS CODE : TTIS-TEACHERS TRAINING INFORMATION SYSTEM LOGIN PAGE